গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পরিবীক্ষণ ও বাস্তবায়ন অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

আম্ফানে ক্ষতিগ্রস্ত উপকূলীয় বাঁধ ও অন্যান্য অবকাঠামো মেরামত/ পুনর্বাসন কার্যক্রমের হালনাগাদ অগ্রগতির উপর পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	১১ মে ২০২১ খ্রিস্টাব্দ
সভার সময়	বেলা ১১.০০ ঘটিকা
স্থান	পানি ভবন সম্মেলন কক্ষ, ৭২ গ্রীন রোড, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভার পটভূমি তুলে ধরে বলেন, আম্ফানে ক্ষতিগ্রস্ত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের খুলনা, বরিশাল ও চট্টগ্রাম জোনের আওতাধীন উপকূলীয় বাঁধ ও অন্যান্য অবকাঠামো মেরামত/ পুনর্বাসন আসন্ন বর্ষা মৌসুমের পূর্বেই সম্পন্ন করতে হবে। আম্ফানে ক্ষতিগ্রস্ত উপকূলীয় বাঁধের ব্রীচ বন্ধকরণ, নদীতীর সংরক্ষণ কাজ ও অন্যান্য অবকাঠামো মেরামত করার ক্ষেত্রে গুণগতমান বজায় রেখে যথাসময়ে সম্পন্ন করতে তিনি পরিবীক্ষণের উপর গুরুত্ব প্রদান করেন।

২। আলোচনা ও সিদ্ধান্ত:

সভায় আম্ফানে ক্ষতিগ্রস্ত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের খুলনা, বরিশাল ও চট্টগ্রাম জোনের আওতাধীন উপকূলীয় বাঁধ ও অন্যান্য অবকাঠামো মেরামত/ পুনর্বাসন কার্যক্রমের হালনাগাদ অগ্রগতির উপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র.	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী (সময়সীমা)

ক্র.	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী (সময়সীমা)
১।	খুলনা জোনের প্রধান প্রকৌশলী সভায় অবহিত করেন, তাঁর অধিক্ষেত্রাধীন অঞ্চলে উপকূলীয় বাঁধসমূহের ৬১.৮৯৮ কি.মি. বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ১০.৯৬৫ কি.মি. বাংলাদেশ সেনাবাহিনী ও ৪৭.০৪১ কি.মি. জাইকা কর্তৃক মেরামত কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান, আসন্ন সম্ভাব্য দুর্যোগ মোকাবেলার লক্ষ্যে জাইকা কর্তৃক বাস্তবায়নাধীন ২৭.০৪৩ কি.মি. ক্ষতিগ্রস্ত বাঁধ জরুরি ভিত্তিতে মেরামত/ পুনর্বাসনের জন্য NOA দেয়া হয়েছে, তবে ঠিকাদারি প্রতিষ্ঠান সাইটে মোবিলাইজেশন কার্যক্রম এখনও শুরু করেনি। সভায় নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-১/ সাতক্ষীরা পওর বিভাগ-২/ খুলনা পওর বিভাগ-১/ খুলনা পওর বিভাগ-২ জানান যে, তাঁর অধিক্ষেত্রাধীন বাঁধের যথাক্রমে ১৩টি/ ৪০টি/ ২টি/ ৫টি স্থানের সবগুলো ব্রীচের মেরামত সম্পন্ন হয়েছে। যে সকল বাঁধের মেরামত কাজ সম্পন্ন হয়েছে, সে সব বাঁধের নদীকূল ও দেশকূল উভয় পার্শ্বে ম্যানগ্রোভ চারা রোপনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন এবং কার্য সম্পাদনের পূর্বের ও পরের ছবি সংরক্ষণের প্রয়োজনীয়তার বিষয় উল্লেখ করেন। এ ছাড়া সভাপতি উপকূলীয় বাঁধসমূহের অতি ঝুঁকিপূর্ণ স্থানগুলো সনাক্ত করে জরুরি ভিত্তিতে বর্ষার পূর্বেই মেরামত সম্পন্ন করার নির্দেশ প্রদান করেন।	যে সকল বাঁধের মেরামত কাজ সম্পন্ন হয়েছে, সে সব বাঁধের নদীকূল ও দেশকূল উভয় পার্শ্বে ম্যানগ্রোভ চারা রোপন করতে হবে এবং কার্য সম্পাদনের পূর্বের ও পরের ছবি সংরক্ষণ করতে হবে। উপকূলীয় বাঁধসমূহের অতি ঝুঁকিপূর্ণ স্থানগুলো সনাক্ত করে জরুরি ভিত্তিতে বর্ষার পূর্বেই মেরামত সম্পন্ন করতে হবে।	মহাপরিচালক, বাপাউবো ও প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পশ্চিমাঞ্চল (যথাশীঘ্র)
২।	সভায় প্রধান প্রকৌশলী (দক্ষিণাঞ্চল) জানান, অনুন্নয়ন রাজস্ব বাজেটের আওতায় ভোলা পওর বিভাগ-১ ও ২, বরগুনা পওর বিভাগ, পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ, পটুয়াখালী পওর বিভাগ, ঝালকাঠি পানি উন্নয়ন বিভাগ, পিরোজপুর পওর বিভাগ ও বরিশাল পওর বিভাগে উপকূলীয় বাঁধসমূহের মেরামত কাজ চলমান রয়েছে। উপকূলীয় বাঁধসমূহের অবশিষ্ট মেরামত কাজ দ্রুত সম্পন্ন করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।	উপকূলীয় বাঁধসমূহের অবশিষ্ট মেরামত কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	মহাপরিচালক, বাপাউবো ও প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল (যথাশীঘ্র)

ক্র.	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী (সময়সীমা)
৩।	সভার সভাপতি উল্লেখ করেন, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী তিস্তা নদীর উজানে ১২ কি.মি. বা তদুর্ধ্ব দৈর্ঘ্যের জলাধার নির্মাণ করতে হবে। জলাধার নির্মাণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি তিস্তা নদীতে জলাধার (reservoir) নির্মাণের লক্ষ্যে বুয়েট, আইডব্লিউএম, সিইজিআইএস, বাপাউবো'র প্রাক্তন অতিরিক্ত মহাপরিচালক জনাব মোঃ মোতাহার হোসেন, অতিরিক্ত মহাপরিচালক ড. মোঃ মিজানুর রহমান, প্রধান প্রকৌশলী (ডিজাইন) সমন্বয়ে একটি কারিগরি কমিটি গঠনের নির্দেশনা প্রদান করেন। উক্ত কারিগরি কমিটি বিস্তারিত স্টাডি করে দ্রুত রিপোর্ট প্রদান করবে।	তিস্তা নদীর উজানে জলাধার (reservoir) নির্মাণের লক্ষ্যে একটি কারিগরি কমিটি গঠন করতে হবে। উক্ত কারিগরি কমিটি বিস্তারিত স্টাডি করে দ্রুত রিপোর্ট প্রদান করবে।	মহাপরিচালক, বাপাউবো (যথাশীঘ্র)

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৫১.৯৯.০০২.১৯.১৪৭

তারিখ: ১৩ মাঘ ১৪২৭
২৭ জানুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়
২) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
৩) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪) যুগ্মসচিব (উন্নয়ন-০১/০২/ পরিকল্পনা উইং), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৬) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৭) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৮) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৯) প্রধান প্রকৌশলী (দক্ষিণ-পূর্বাঞ্চল/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল/দক্ষিণাঞ্চল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড,
১০) উপসচিব, উন্নয়ন-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১১) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১২) উপসচিব, উন্নয়ন-৩ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১৪) সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার, আইসিটি শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সভার নোটিশ পানি সম্পদ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

মোঃ মমিনুর রহমান
উপসচিব